গাংনীতে অটোভ্যানের চাকায় ওড়না জড়িয়ে নারী শ্রমিক নিহত

অটো ভ্যানের চাকার সাথে ওড়না জড়িয়ে রাস্তার মাটি কাটার কাজে নিয়োজিত নারী শ্রমিক নাজমা খাতুন (২৫) নিহত হয়েছেন।

নিহত নাজমা গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়া গ্রামের দয়েরপাড়া এলাকার আসমত আলীর মেয়ে। মঙ্গলবার সকাল সাড়ে ১১টার দিকে তেঁতুলবাড়ীয়া—কাজীপুর সড়কের সাহেবনগর নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে।

নাজমা সরকারী রাস্তা (সংস্কার) মেরামত করার জন্য নারী শ্রমিক হিসাবে কাজ করে আসছিলেন। সাহেবনগর গ্রামের কাছে পৌঁছালে, ভ্যানের চাকায় ওড়না জড়িয়ে রাস্তার উপর পড়ে গুরুতর আহত হন।

তাকে উদ্ধার করে বামন্দীর একটি ক্লিনিকে নেয়ার সময় পথেই মারা যান তিনি। গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন।